তারিখ ... ... APR 07 2000
পৃষ্ঠা 72 কলাম 6

76

# হালিশহরে মাদ্রাসা ছাত্র অপহরণ ॥ ১০ লাখ টাকা মুক্তিপণ দাবি

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস** ॥ হালিশহর থেকে গত বুধবার এক মাদ্রাসা ছাত্রকে অপহরণ করা হয়েছে। ফরিদ উদ্দিন (২১) নামে ঐ ছাত্র হাটহাজারী মাদ্রাসায় লেখাপড়া করত। শুক্রবার সন্ত্রাসীরা অপহরণের দায়িত্ব স্বীকার করে ১০ লাখ টাকা মুক্তিপণ দাবি করেছে।

ডবলমুরিং পুলিশ সূত্রে জানা যায়, ফরিদ উদ্দিন নামে ঐ মাদ্রাসা ছাত্র হালিশহর এইচ ব্লকের ১নং রোডের ১৮নং বাসা থেকে বি ব্লকে বন্ধুর বাসায় আসার পর নিখোঁজ হয়ে যায়। শুক্রবার সকালে সন্ত্রাসীরা ফরিদের পিতা মওলানা আজিজুর রহমানকে টেলিফোনে অপহরণের দায়িত্ব স্বীকার করে ১০ লাখ টাকা মুক্তিপণ পরিশোধের দাবি জানায়। এ ব্যাপারে ডবলমুরিং থানায় মামলা দায়ের করা হলেও শুক্রবার রাত পর্যন্ত অপহৃতকে উদ্ধার করা যায়নি।